প্রথম আলো

তারিখ ... AUG. 2 .. 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

৩০

অভিভাবক ও ছাত্ররা উদ্বিগ্ন

# মহসীন কলেজের বিএসসি পরীক্ষার্থীদের কোনো রোল নম্বর নেই

চট্টগ্রাম অফিস

জাতীয় বিশ্ববিদ্যালয় প্রকাশিত বিএ, বিএসসি ও বিকম পরীক্ষার ফলাফল শিটে চট্টগ্রাম সরকারি হাজী মুহাম্মদ মহসীন কলেজের বিএসসি পরীক্ষার্থীদের কোনো ফলাফল (নম্বর) না থাকায় সংশ্লিষ্ট ছাত্র-শিক্ষক, অভিভাবকগণ উদ্বিগ্ন ও উৎকণ্ঠিত হয়ে পড়েছেন।

কলেজে শনিবার যে ফলাফল শিট আসে তাতে বিএ ও বিকম পরীক্ষার্থীদের বিভাগওয়ারি অর্থাৎ ১ম, ২য় ও তৃতীয় বিভাগে কৃতকার্য এবং স্থগিতকৃত রোল নম্বর উল্লেখ থাকলেও বিএসসি পরীক্ষার্থীদের কোনো বিভাগেই কোনো রোল নম্বরের উল্লেখ নেই। এমনকি স্থগিত বা বহিষ্কারের কলামও খালি। এতে ১৮৮ জন বিএসসি পরীক্ষার্থী ও তাদের অভিভাবক এবং সংশ্লিষ্ট শিক্ষকদের মধ্যে হতাশা ও ক্ষোভ দেখা দিয়েছে।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে কলেজের অধ্যক্ষ জানান, বিষয়টি তার নজরে এসেছে। কিন্তু টেলিফোনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কন্ট্রোলারকে না পাওয়ায় সমস্যা কোথায় জানা যায়নি। তবে খোঁজ নেয়ার জন্য একজন শিক্ষককে শনিবার সন্ধ্যায়ই ঢাকায় পাঠিয়ে দেয়া হয়েছে বলে তিনি জানান।